স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

সহায়ক পাঠক্রম

বাংলা (Bengali)

প্রথম পত্র

Bangla Sahityer Itihas O Bhasatattwa : SBG-I

সময় ঃ তিন ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'চোখের বালি' উপন্যাসের অভিনবত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অবদান কতখানি, আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) উপভাষা কাকে বলে ? আধুনিক বাংলা উপভাষা কয়প্রকার ও কী কী ? যে-কোনো দুটি বাংলা উপভাষা সম্পর্কে বিশদে লিখুন। ২ + ১ + ৩ + ৭ + ৭

(ঘ) বাংলা নাটকে মধুসূদনের অবদান সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) চর্যাপদে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দিন।

(খ) ভাগবতের বাংলা অনুবাদে কোন্ কবি কেন শ্রেষ্ঠ, তা বুঝিয়ে দিন।

(গ) আধুনিক বাংলা কবিতায় ঈশ্বর গুপ্তের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) নক্শাধর্মী রচনা বলতে কী বোঝেন ? বাংলা নক্শা-সাহিত্যে কালীপ্রসন্ন সিংহের গুরুত্ব কোথায় ? ২ + ১০

(ঙ) শব্দার্থ পরিবর্তনের ধারা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(চ) অর্থের তিনটি শক্তি কী কী ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ৩ + ৯

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) টীকা লিখুন (যে-কোনো **একটি**) :

(অ) রবীন্দ্রসমকালীন কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত

(আ) সত্যেন্দ্রনাথ দত্ত

(ই) কালিদাস রায়।

(খ) মঙ্গলকাব্যের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করুন।

(গ) 'চৈতন্যচরিতামৃত'কে কেন 'চৈতন্যভাগবত'-এর পরিপূরক গ্রন্থ বলা হয় ?

(ঘ) সাধুভাষার তিনটি বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করুন।

(ঙ) আধুনিক বাংলা ভাষার দুটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(চ) গণনাট্য আন্দোলন বলতে কী বোঝেন ?

(ছ) টীকা লিখুন : চৌরঙ্গী থিয়েটার।

(জ) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব বুঝিয়ে দিন।